

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, জুলাই ২৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
অধিশাখা-৬  
প্রজ্ঞাপন

তারিখ: ০৬ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ/২১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩১.০১.২০১৫-৯৮— জনাব মোঃ নজরুল ইসলাম খান (সরকারের সাবেক সচিব)-কে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন “জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫” এর সার্বক্ষণিক চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের জন্য বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল :

শর্তাবলী :

- (১) তিনি মাসিক ৬০,০০০ (ষাট হাজার) টাকা সম্মানী পাইবেন।
- (২) তিনি প্রচলিত নিয়ম অনুযায়ী সরকারি পরিবহন পুল হইতে গাড়ী পাইবেন; যদি পরিবহন পুল গাড়ী সরবরাহ করিতে না পারে তাহা হইলে উহার বিকল্প হিসাবে মাসিক ১০,০০০ (দশ হাজার) টাকা যাতায়াত ভাতা পাইবেন। তিনি বাড়ী ভাড়া ভাতা পাইবেন না।
- (৩) যে কোন পক্ষ (সরকার বা চেয়ারম্যান) কর্তৃক এক মাসের নোটিশের মাধ্যমে এই নিয়োগ বাতিল করা যাইবে।

২। কমিশনের মেয়াদকাল গঠনের দিন হইতে ৬ (ছয়) মাস স্থায়ী হইবে। প্রয়োজন হইলে সরকার কমিশনের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

৩। এই নিয়োগাদেশ যোগদানের তারিখ হইতে কার্যকর হইবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এবিএম সিরাজুল হক  
উপসচিব (সংস্থাপন)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৩৪১৭)

মূল্য : টাকা ৪.০০